**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**ডাউনলোড "এই যুগ অ্যাপ"**



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 30 JUNE 2026 ,TUESDAY | ৩০ জুন ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-208


## বিধানসভায় ওবিসি সংশোধনী বিলের বিরোধিতায় আইএসএফ বিধায়ক নওসাদ সিদ্দিকী



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,২৯ জুন :** সোমবার বিধানসভায় পেশ হওয়া ওবিসি সংশোধনী বিলের তীব্র বিরোধিতা করেন ভাঙ্গড়ের আইএসএফ বিধায়ক নওসাদ সিদ্দিকী। বিধানসভার বাইরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে নওসাদ সিদ্দিকী বলেন, "একটা সংশোধনী বিল আনা হয়েছে যেখানে রাজ্য সরকার সম্পূর্ণরূপে রাজনৈতিক স্বার্থ চরিতার্থের উদ্দেশ্যে একটি নির্দিষ্ট কমিটির গঠনের মাধ্যমে ওবিসি তালিকা থেকে বাদ দিয়েছে মুসলিম সম্প্রদায় ভুক্তদের নাম। এর ফলে সংখ্যালঘুদের অধিকার খর্ব করার পরিকল্পনা করা হচ্ছে। সংরক্ষণ কমিয়ে ওবিসি দের সাথে প্রবলভাবে বঞ্চনা করা হয়েছে "। এর পাশাপাশি বিধায়ক নওসাদ সিদ্দিকী এও দাবী করেন যে সংরক্ষনের ক্ষেত্রে কোনও জাত ,ধর্ম ,বর্ণের উর্দ্ধে গিয়ে নির্দিষ্ট গাইডলাইন মেনে সার্ভে করে মুসলিম সম্প্রদায়ভুক্ত মানুষদের ওবিসি তালিকায় অন্তর্ভূক্ত করার।

## শ্রমমন্ত্রী অর্জুন সিং এর উপস্থিতিতে শ্রম দপ্তরে জয়েন্ট লেবার কমিশনের ডাকা মিটিং অনুষ্ঠিত হল



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৯ জুন :** দীর্ঘদিন ধরে হাওড়ার দাশনগর ভারত জুট মিল ম্যানেজমেন্ট শ্রমিকদের উপর যে অনিয়ম করে যাচ্ছিলো ,তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে সোমবার জয়েন্ট লেবার কমিশনের ডাকা মিটিংয়ে পশ্চিমবঙ্গ সরকারের শ্রম মন্ত্রী মাননীয় অর্জুন সিং এর উপস্থিতিতে শ্রম দপ্তরে সমস্ত ট্রেড ইউনিয়নের সাথে শ্রমিকদের প্রাপ্য দাবি নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন হাওড়া জেলার বিশিষ্ট সমাজসেবী ও হাওড়া পৌর নিগমের প্রাক্তন মেয়র পারিষদ বিভাস চন্দ্র হাজরা মহাশয় সহ অন্যান্য নেতৃত্ববৃন্দরা।

## "মুখোমুখি" কর্মসূচির মাধ্যমে সরাসরি জনতার কথা এবং সমস্যা শুনবেন পুর ও নগর উন্নয়ন দপ্তর , জানালেন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,২৯ জুন :** এখন থেকে সপ্তাহের মঙ্গল, বৃহস্পতি ও শনিবার সাধারণ মানুষ নির্দ্বিধায় এবং নিশ্চিন্তে "মুখোমুখি" কর্মসূচির মাধ্যমে সরাসরি তাদের পৌরসভা ও নগর উন্নয়ন সংক্রান্ত সমস্যার অভিযোগ জানাতে পারবেন পুর ও নগর উন্নয়ন দপ্তরে ।সোমবার এই কথাই জানালেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। মন্ত্রী অগ্নিমিত্রা পাল আরও জানান ,"আগামী শনিবার থেকেই এই পরিষেবা পাবেন জনগন। বর্তমানে পৌরসভা ও নগর উন্নয়ন দপ্তরের প্রধান কার্যলয় থেকেই এই পরিষেবা প্রদান করা হবে"। এখানে জনগন যেমন জানাতে পারবেন তাদের বাসস্থানের আশেপাশে ময়লা থাকা বা জল জমে থাকলে বা অবৈধ বাড়িঘর নির্মাণ হচ্ছে কি না ,এই ধরণের আরও যাবতীয় সমস্যা তুলে ধরতে পারবেন ভিডিও কলের মাধ্যমেও।

## যোগাযোগ বিচ্ছিন্ন হতে পারে চা বাগান এলাকায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জুন :** তুরতুরি খন্ড গ্রাম পঞ্চায়েতের ফাঁস খাওয়া চা বাগান এলাকায় ঝোড়া নদীতে পরিণত হয়ে গেছে। প্রবল বর্ষণের দরুন মূল রাস্তা ভেঙ্গে যাচ্ছে। যে কোন সময় যোগাযোগ ব্যবস্থা ভেঙ্গে পড়বে। কুমার গ্রাম ব্লকের তিন নম্বর বুথে এই রাস্তা ভেঙ্গে গেলে পুরোপুরি যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যাবে। যোগাযোগ বিচ্ছিন্ন হলে এলাকার বাসিন্দারা বিপাকে পড়ে যাবেন । প্রশাসনিকভাবে এই রাস্তার সংস্কার করা প্রয়োজন। এলাকার বাসিন্দারা জানিয়েছেন ফাঁস খাওয়া চা বাগান এলাকার বাসিন্দাদের স্বার্থে প্রশাসনিক উদ্যোগ জরুরী।

# বাঁশ দিয়ে জল পার হতে গিয়ে ডুবে গেল নাবালক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জুন :** আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার পশ্চিম চেপানী জামালপুর পাড়ায় ১৭ বছরের নাবালক সাগর দেবনাথ বাঁশের সাঁকো থেকে পড়ে গেছে সাগর দেবনাথ নামে এক জন। সোমবার বেলা সাড়ে তিনটা নাগাদ সাগর বাঁশের সাঁকো পার হতে গিয়ে পড়ে যায়। এলাকার বাসিন্দারা তখন থেকেই খোঁজাখুঁজি শুরু করেছেন কিন্তু সাগরকে উদ্ধার করতে পারেননি। বিকেল সাড়ে পাঁচটা নাগাদ সিভিল ডিফেন্সের কর্মীরা এসে সন্ধার ছটা নাগাদ সাগরকে খুঁজতে তল্লাশি শুরু করে। তবে রাত সাতটা নাগাদ সাগরের খোঁজ পায়নি তারা। এলাকার বাসিন্দাদের অভিযোগ দীর্ঘদিন একটি বাঁশের সাঁকো ছিল ওই এলাকায়। ওই এলাকার তৃণমূলের পঞ্চায়েত গত দু'বছর যাবৎ বাঁশের সাঁকো নির্মাণ করার কোন পরিকল্পনা নেন নেই যার ফলেই এমন দুর্ঘটনা ঘটেছে।

# সানফ্লাওয়ার সহ গ্রেফতার একজন শামুকতলায়




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জুন :** প্রায় ৩০ গ্রাম সানফ্লাওয়ার সহ একজনকে গ্রেফতার করেছে শামুকতলা থানার পুলিশ। তার বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা শুরু করেছে পুলিশ। বারবিশা থেকে শামুকতলা চৌপথি আসার সময় গোপন খবরের ভিত্তিতে চেপানি এক নম্বর প্রাইমারি স্কুলের পাশ থেকে ওই ব্যক্তিকে গ্রেফতার করে। স্কুটিতে করে সানফ্লাওয়ার গুলো শামুকতলা এলাকায় নিয়ে আসছিল বিক্রি করার জন্য। শামুকতলা থানার পুলিশ ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে তাকে গ্রেফতার করে নির্দিষ্ট ধারায় মামলা শুরু করেছে।

# ফুটপাত দখলমুক্ত করতে রাস্তায় নামল কালচিনি ট্রাফিক পুলিশ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জুন :** কালচিনি চৌপথী থেকে রাঙ্গামাটি রোড পর্যন্ত রাস্তা ও ফুটপাত দখলমুক্ত করলেন কালচিনি ট্রাফিক পুলিশ এর কর্মকর্তারা। এদিন কালচিনি ট্রাফিক গার্ড এবং কালচিনি থানার পুলিশ যৌথভাবে এই অভিযানে সামিল হন। অভিযানের নেমে তারা রাস্তা এবং ফুটপাত থেকে সাইনবোর্ড সহ দোকানের প্রচার মূলক ব্যানার সরিয়ে দেন। ব্যবসায়িকদের সতর্ক করা হয়েছে এর পরবর্তীতে রাস্তার দখল এর অভিযান তাদের বিরুদ্ধে আসলে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

# জলদাপাড়া গড়ল জাতীয় নজির ,গণ্ডার শিকার শূন্য



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জুন :** বন্যপ্রাণ সংরক্ষণে জাতীয় স্তরে নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে জলদাপাড়া বন্যপ্রাণ বিভাগ। টানা চার বছরেরও বেশি সময় ধরে জলদাপাড়া জাতীয় উদ্যানে একটিও গণ্ডার শিকারের ঘটনা ঘটেনি। একই সঙ্গে ২০২৫-২৬ অর্থবর্ষে বন্যপ্রাণ সংক্রান্ত মামলায় ১০০ শতাংশ দোষী সাব্যস্ত হওয়ার নজিরও গড়েছে বিভাগ।এর আগে ২০২৪-২৫ অর্থবর্ষেও বিভাগটি ১৭টি মামলায় দোষী সাব্যস্ত করাতে সক্ষম হয়েছিল, যার মধ্যে আটটি ছিল বন্যপ্রাণ সংক্রান্ত মামলা। বন দফতরের মতে, দেশের কোনও বন্যপ্রাণ বিভাগে এটি এক বিরল সাফল্য।রবিবার বন দফতরের প্রকাশিত তথ্য অনুযায়ী, ২০২২ সাল থেকে ২০২৬ সালের ২৮ জুন পর্যন্ত জলদাপাড়া জাতীয় উদ্যানে একটিও একশৃঙ্গ গণ্ডার শিকারের ঘটনা ঘটেনি। এটি উদ্যানের ইতিহাসে দীর্ঘতম শিকারমুক্ত সময়। ২০২৫-২৬ অর্থবর্ষে বিভাগটি ১৩টি বন্যপ্রাণ অপরাধের মামলায় মোট ২২ জন অভিযুক্তকে দোষী সাব্যস্ত করাতে সক্ষম হয়েছে। এর মধ্যে ১০টি মামলা বন্যপ্রাণী (সংরক্ষণ) আইন, ১৯৭২-এর অধীনে এবং তিনটি মামলা ভারতীয় বন আইন-এর অধীনে পরিচালিত হয়।২১৬.৫১ বর্গকিলোমিটার বিস্তৃত জলদাপাড়া জাতীয় উদ্যানে বর্তমানে ৩০০-রও বেশি একশৃঙ্গ গণ্ডারের বাস। একসময় লাগামছাড়া শিকারের ফলে ১৯৮৪ সালে গণ্ডারের সংখ্যা নেমে এসেছিল মাত্র ১৪-তে। তবে যৌথ বন ব্যবস্থাপনা (জয়েন্ট ফরেস্ট ম্যানেজমেন্ট)-সহ দীর্ঘমেয়াদি সংরক্ষণ উদ্যোগের ফলে গত চার দশকে গণ্ডারের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।বন আধিকারিকদের মতে, গণ্ডার সংরক্ষণ এবং বন্যপ্রাণ আইন প্রয়োগ—উভয় ক্ষেত্রেই এই সাফল্য একটি মাইলফলক। তাঁদের দাবি, শক্তিশালী নজরদারি ও গোয়েন্দা নেটওয়ার্কের মাধ্যমে গণ্ডারের শিং, হাতির দাঁত, চিতাবাঘের চামড়া, প্যাঙ্গোলিনের আঁশ ও খুলি, জীবিত প্যাঙ্গোলিন, টোকে গেকো, হরিণের মাংস ও শিং পাচারের মতো অপরাধ কার্যকরভাবে রোধ করা সম্ভব হয়েছে।জলদাপাড়া বিভাগের ডিভিশনাল ফরেস্ট অফিসার পারভিন কাসওয়ান এই সাফল্যের কৃতিত্ব বনকর্মীদের নিষ্ঠা ও সমন্বিত প্রচেষ্টাকে দিয়েছেন। উল্লেখযোগ্য মামলাগুলির মধ্যে রয়েছে ২০২৫ সালের ২৯ অক্টোবর জলপাইগুড়ি আদালতের এক রায়, যেখানে গণ্ডারের শিং পাচারের অপরাধে এক বন্যপ্রাণ পাচারকারীকে বন্যপ্রাণী (সংরক্ষণ) আইন, ১৯৭২-এর অধীনে সাত বছরের সশ্রম কারাদণ্ড এবং ১ লক্ষ টাকা জরিমানা করা হয়।এই সাফল্যকে স্বাগত জানিয়ে রাজ্যের বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ বলেন, "এটি নিঃসন্দেহে একটি অসাধারণ সাফল্য। আমাদের এই ধারাবাহিকতা বজায় রাখতে হবে। আত্মতুষ্টির কোনও স্থান নেই। বন ও বন্যপ্রাণ সংরক্ষণের ক্ষেত্রে আমরা শূন্য সহনশীলতার নীতি গ্রহণ করেছি।"




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |